

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০২

পরিচ্ছেদঃ ইকামাতের বিষয়ে ইমামের হক বেশী।

باب مَا جَاءَ أَنَّ الإِمَامَ أَحَقُّ بالإِقَامَةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا إِسْرَائِيلُ، أَخْبَرَنِي سِمَاكُ بْنُ حَرْبٍ، سَمْعَ جَابِرَ بْنَ سَمُرَةَ، يَقُولُ كَانَ مُؤَذِّنُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يُمْهِلُ فَلاَ يُقِيمُ حَتَّى إِذَا رَأَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَدْ خَرَجَ أَقَامَ الصَّلاَةَ حِينَ يَرَاهُ. قَالَ حَتَّى إِذَا رَأَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَدْ خَرَجَ أَقَامَ الصَّلاَةَ حِينَ يَرَاهُ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ جَابِرِ بْنِ سَمُرَةَ هُو حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَحَدِيثُ إِسْرَائِيلَ عَنْ سِمَاكُ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَهَكَذَا قَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِنَّ الْمُؤَدِّنَ أَمْلَكُ بِالإِقَامَةِ . بِالأَذَانِ وَالإِمَامَ أَمْلَكُ بِالإِقَامَةِ .

বাংলা

২০২. ইয়াহইয়া ইবনু মূসা (রহঃ) সিমাক ইবনু হারব (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন আমি জাবির ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহু কে বলতে শুনেছি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুয়াজ্জ্বীন অপেক্ষা করতে থাকত এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বের হতে না দেখা পর্যন্ত ইকামত দিত না। তাঁকে দেখার পরে মুয়াজ্জ্বীন ইকামত শুরু করত। - সহিহ আবু দাউদ ৫৪৮, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২০২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ জাবির রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি হাসান ও সহীহ। এই সনদ ছাড়া সিমাকের রিওয়ায়াত সম্পর্কে আমাদের কিছু জানা নেই। এই হাদিস অনুসারে কতক আলিম বলেন যে, আযানের অধিকার হল মুয়াজ্জীনের আর ইকামতের অধিকার হল ইমামের।

English

Jabir bin Samurah narrated:

The Mu'adh-dhin of Allah's Messenger would wait and he would not call the Iqamah until he saw the Allah's Messenger had come out, he would call the



Iqamah when he saw him."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সিমাক ইবন হারব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন